



রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি RAJSHAHI PALLI BIDYUT

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০৭.০২৩.২৩. ২১৬১

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

মিনি ঠিকাদার হিসাবে লাইন নির্মাণ কাজের পূর্বযোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বৎসরের জন্য পবস নির্দেশিকা ১০০-৪১/৪২ এর আওতায় ক্ষুদ্র বৈদ্যুতিক লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন কাজের জন্য তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা নবায়নের জন্য বৈদ্যুতিক লাইন নির্মাণে বাপবিবো/পবিস প্রশিক্ষন প্রাপ্ত সুপারভাইজার ও লাইম্যান সমৃদ্ধ প্রতিষ্ঠিত ক, খ ও গ বৈদ্যুতিক লাইসেন্সধারী ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

০১. রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ২০০০.০০ (দুই হাজার) টাকা নগদ জমা প্রদান স্বাপেক্ষে নবায়নের জন্য নির্ধারিত আবেদন ফরম সমিতির সদর দপ্তর হতে সংগ্রহ করতে হবে।
০২. বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের চলতি বিদ্যুৎ ঠিকাদারী প্রতিষ্ঠানের লাইসেন্স, বৈদ্যুতিক সুপারভাইজার সার্টিফিকেট, আয়কর সার্টিফিকেট, ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, এফিডেভিট ও অন্যান্য আনুষঙ্গিক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সহিত জমা প্রদান করতে হবে।
০৩. সুপারভাইজার ও লাইনম্যানদের নাম, ছবি, বায়োডাটা এবং অভিজ্ঞতার সত্যায়িত সনদ পত্র আবেদন পত্রের সহিত জমা প্রদান করতে হবে। একই সুপারভাইজার ও লাইনম্যানদের নাম একাধিক সমিতিতে ব্যবহার করা যাবে না।
০৪. আবেদন ফরম আগামী ০৬-০৬-২০২৩ খ্রিঃ হতে ২৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালিন সময়ে অত্র সমিতির অর্থ বিভাগ হতে সংগ্রহ এবং আগামী ২৬-০৬-২০২৩ খ্রিঃ তারিখে ১২:০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করা যাবে। নির্ধারিত সময়সীমার পর কোন আবেদন বিক্রয়/গ্রহণ করা হবে না।
০৫. ২০২২-২০২৩ অর্থ বৎসরের পূর্ব যোগ্যতা নবায়নের সত্যায়িত ফটোকপি নবায়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
০৬. বাপবিবো কর্তৃক মিনি ঠিকাদার হিসাবে অত্র পবিসে তালিকাভুক্তির পত্র সংযুক্ত করতে হবে।
০৭. আবেদনকারী প্রতিষ্ঠান বর্তমানে যে সকল পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। একটি মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান সর্বোচ্চ ০৪টি পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত হতে পারবে।
০৮. আবেদন পত্রের সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। পরবর্তীতে যেকোন যোগাযোগ প্রয়োজনে তা ব্যবহৃত হবে।


অ.প.দ.

০৯. শুধুমাত্র রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠান নবায়নের জন্য আবেদন করতে পারবে।
১০. আগামী ০৮/০৭/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় নবায়ন মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি, ব্যবহারিত টুলস এবং লোকবল সহ উপস্থিত থাকতে হবে।
১১. অসম্পূর্ণ/অসত্য তথ্য প্রমাণিত হলে আবেদন পত্র /নবায়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
১২. তালিকা ভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নবায়ন সংক্রান্ত যাবতীয় কাজ পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুসরণ করা হবে।
১৩. বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন পরিস্থিতির উৎপত্তি হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


 (রমেন্দ্র চন্দ্র রায়)
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য, (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, (এসওডি) বাপবিবো, রাজশাহী।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সকল পবিস
- ০৫। এজিএম (প্রশাসন), রাজশাহী পবিস। (পবিস নোটিশ বোর্ডে প্রদানের জন্য)
- ০৬। এজিএম (আইটি), রাজশাহী পবিস। (ওয়েব সাইটে প্রকাশের জন্য) (www.pbs.rajshahi.gov.bd)
- ০৭। এজিএম (অর্থ-হিসাব), রাজশাহী পবিস।
- ০৮। মেসার্স -----
- ০৯। অফিস/মাষ্টার কপি।


 (রমেন্দ্র চন্দ্র রায়)
 জেনারেল ম্যানেজার